৩২

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 05 SEP 1996 ...
পৃষ্ঠা ... ১১ কলাম ... ৩ ...

চট্টগ্রাম বোর্ডের এসএসসি পরীক্ষা

# ৩ হাজার ছাত্রছাত্রী প্রকাশিত ফল চ্যালেঞ্জ করেছে

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥** চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত প্রথম এসএসসি পরীক্ষায় ঘোষিত ফল চ্যালেঞ্জ করেছে ৩ হাজার ছাত্রছাত্রী। কম্পিউটারে ভুল ডাটা এন্ট্রি দাবি করেছে দেড় হাজার জন। তারা তুলনামূলক অনেক কম নম্বর পেয়েছে। ফলাফল পুনর্মূল্যায়নের আবেদনকারী অভিভাবক মহল অভিযোগ করেছে শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ বিপুল সংখ্যক ছাত্রছাত্রীর জীবন অনিশ্চিত করে দিয়েছে। অকৃতকার্যদের সামনের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণেও অনিশ্চয়তা সৃষ্টি হয়েছে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, ফল প্রকাশের পর চট্টগ্রাম মহানগরীসহ ৪টি জেলার বিভিন্ন প্রতিষ্ঠিত স্কুলের ছাত্রছাত্রীরা ফল দেখে হতভম্ব হয়ে যায়। চট্টগ্রাম নগরীর বিভিন্ন স্কুলে পাঠানো ফলাফল শীটের কম্পিউটার প্রিন্টে কোন কোন নৈর্ব্যক্তিক ও রচনামূলক প্রাপ্ত নম্বর দেখানো হয় সর্বোচ্চ ৫। এতে অভিভাবক মহলের মধ্যে সন্দেহের সৃষ্টি হয়। গত মাসের নির্ধারিত সময়ের মধ্যে অভিভাবক মহল ৭৫ টাকা ফি দিয়ে বোর্ডের কাছে পুনর্নিরীক্ষার আবেদন করে। পাস ও ফেলকরা এ ধরনের আবেদনকারীর সংখ্যা ৩ হাজার। এর মধ্যে দেড় হাজার ফেল করা। তাদের মধ্যে বেশির ভাগ চট্টগ্রাম শহরের প্রতিষ্ঠিত স্কুলের। অভিভাবক মহল জনকণ্ঠের কাছে অভিযোগ করেছে, বোর্ড কর্তৃপক্ষ তাদেরকে কোন প্রকার সহায়তা করছে না।